

# যুগান্তর

প্রিন্ট: ১০ জুলাই ২০২৫, ০৭:৫৩ এএম

রাজনীতি

## ঢাবি ছাত্রদলের ১২ নেতাকর্মীকে অব্যাহতি



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৮ জুলাই ২০২৫, ০২:৩৫ পিএম



ফাইল ছবি

দায়িত্বে অবহেলার অভিযোগ এনে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার ১২ নেতাকর্মীকে সংগঠন থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

সোমবার (৭ জুলাই) কেন্দ্রীয় সংসদের দপ্তর সম্পাদক জাহাঙ্গীর আলমের সই করা এক বিজ্ঞপ্তিতে তাদের অব্যাহতি দেওয়া হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, কেন্দ্রীয় সংসদের সিদ্ধান্ত মোতাবেক সাংগঠনিক দায়িত্ব অবহেলার কারণে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সদস্য (সহ-সাধারণ সম্পাদক পদমর্যাদা) শহীদুল আলম মামুন, সদস্য জুনায়েদ আলম বাগদাদ, আকিউজ্জামান কোয়েল, আলম বাদশা, মো. জোবায়ের আলম চৌধুরী, ফাহিম আহমেদ, সালেহ মাহমুদ, মো. নাজমুল ইসলাম, রায়হান হোসেন, সিফাত উল ইসলাম, আব্দুল্লাহ রায়হান এবং মাশফিক আলম ভূইয়াকে সাংগঠনিক পদ থেকে অব্যাহতি দেওয়া হলো।

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির সোমবার এ সিদ্ধান্ত অনুমোদন করেন।